**খাদ্যবান্ধব কর্মসূচির ডিজিটাল ডাটাবেজ প্রণয়নের ক্ষেত্রে সাধারণ জিজ্ঞাসাসমূহ**

| ক্রমিক নং | প্রশ্ন | প্রস্তাবিত উত্তর |
|---|---|---|
| ১। | খাদ্যবান্ধব কর্মসূচির ডিজিটাল তালিকায় নাম নিবন্ধনের জন্য কি কি প্রয়োজন? | ক) সর্বশেষ যাচাইকৃত মূল তালিকায় যার নাম রয়েছে তার এনআইডি কার্ড/এনআইডি কার্ডের ফটোকপি,<br><br>খ) স্বামী বা স্ত্রীর এনআইডি কার্ড/ এনআইডি কার্ডের ফটোকপি। তবে বিধবা, তালাকপ্রাপ্তা ও বিপত্নীকদের স্বামী/স্ত্রীর এনআইডি কার্ডের প্রয়োজন নেই । তবে বিধবা ও বিপত্নীকদের ক্ষেত্রে মৃত স্বামী/ স্ত্রীর সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যান কর্তৃক ইস্যুকৃত মৃত্যুসনদ প্রদান করতে হবে এবং তালাকপ্রাপ্তাদের ক্ষেত্রে তালাক নিবন্ধন সনদ প্রদান করতে হবে। তবে বিবাহবন্ধনে আবদ্ধ হলে উক্ত স্বামী/স্ত্রী'র তথ্য ভোক্তা নিজ দায়িত্বে ডাটাবেজে অন্তর্ভুক্ত করবেন। অন্তর্ভুক্তিকরণে অনাবশ্যক বিলম্বের বিষয়টি পরবর্তীতে প্রমাণিত হলে ভোক্তার খাদ্যবান্ধব কার্ডটি স্থগিত করা হতে পারে।<br>গ) মোবাইল ফোন নম্বর। (মোবাইল ফোন সাথে আনতে হবে)। যাদের নিজের মোবাইল ফোন নেই তারা পরিবারের অন্য সদস্য/প্রতিবেশী মোবাইল ফোন নিয়ে আসলেও এন্ট্রি করা যাবে। তবে একই মোবাইল ফোন নাম্বার দিয়ে একাধিক ব্যক্তি এন্ট্রি করতে পারবেন না।<br><br>ঘ) খাদ্যবান্ধব কার্ড। |
| ২। | আমার মায়ের নামে খাদ্যবান্ধব কার্ড রয়েছে, তিনি খুব অসুস্থ এখন তার নামের কার্ড আমার নামে করা যাবে কি? | না, আপনার নামে খাদ্যবান্ধব কার্ড করা যাবেনা।বর্তমানে চলমান উপকারভোগীর ডাটাবেজ ডিজিটালাইজেশন কার্যক্রম চলাকালে নাম পরিবর্তন/ নতুন নাম সংযোজনের কোনো সুযোগ নেই। তবে, চলাচলে অক্ষম ও প্রতিবন্ধীদের জন্য এ কার্যক্রম শেষে প্রয়োজনে বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হবে। উল্লেখ্য, উপকারভোগীর ডাটাবেজ ডিজিটালাইজেশন কার্যক্রম শেষে এ বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের সাথে যোগাযোগ করে নাম পরিবর্তন/ নতুন নাম সংযোজনের বিষয়টি উপজেলা খাদ্যবান্ধব কমিটিতে উত্থাপন করে পরবর্তী সিদ্ধান্ত গ্রহন করা যেতে পারে। |
| ৩ | আমার স্বামীর নামে কার্ড, তিনি ঢাকাতে বা দূরবর্তী অন্যত্র কোথাও চাকরি করেন। এখন আমি কিভাবে এন্ট্রি করব? | যার নামে কার্ড রয়েছে তাকেই স্বশরীরে সিমকার্ডসহ সচল মোবাইল ফোন নিয়ে উপস্থিত হয়ে নিবন্ধন সম্পন্ন করতে হবে। অন্যথায় পরবর্তী প্রান্তিক সমূহে খাদ্যবান্ধব কর্মসূচিতে চাল উত্তোলন করতে পারবেন না। |
| ৪ | আমার খাদ্যবান্ধব কার্ড হারিয়ে গেছে, আমি কি এন্ট্রি করতে পারব? | কার্ড হারিয়ে গেলেও এন্ট্রি করা যাবে, কিন্তু নিজের এবং স্বামী/স্ত্রীর এনআইডি কার্ড ও মোবাইল ফোন নিয়ে আসতে হবে। |
| ৫ | আমার নিজের মোবাইল নাই, আত্মীয়ের মোবাইল নিয়ে আসছি। আমার কি চাল পেতে পরবর্তীতে অসুবিধা হবে? | চাল উত্তোলনের সময় ঐ মোবাইল ফোন সঙ্গে নিয়ে আসলে সমস্যা হবে না। তবে, নিজের মোবাইল নম্বর দেয়া উত্তম। এছাড়াও, ভবিষ্যতে মোবাইল ফোন নাম্বার পরিবর্তন করার সুযোগ থাকবে। |
| ৬ | আমার মোবাইল ফোন নেই, অন্যের মোবাইল নাম্বার নিয়ে এসেছি; আমি কি এন্ট্রি করতে পারব? | মোবাইল ফোন সঙ্গে নিয়ে আসলে এন্ট্রি করতে পারবেন। শুধু মোবাইল ফোন নাম্বার লিখে নিয়ে আসলে হবে না। স্বশরীরে সিমকার্ডসহ সচল মোবাইল সেট সঙ্গে আনতে হবে। |

| ক্রমিক নং | প্রশ্ন | প্রস্তাবিত উত্তর |
|---|---|---|
| ৭ | আমি ডাটাবেজ-এ এন্ট্রি করেছি, কখন চাল দিবে আমি কিভাবে জানবো? | প্রতি বছরের মার্চ, এপ্রিল এবং সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর মাসে ৩০ কেজি চাল ১০ টাকা কেজি দরে দেয়া হয়। বিক্রয়ের তারিখটি মোবাইল ফোনে মেসেজ দিয়ে জানানো হবে। |
| ৮ | আমার নামে কার্ড এন্ট্রি করেছি। এখন আমি ঢাকায় চলে গেলে কি চাল পাবনা? | ভবিষ্যতে চাল বিতরণে আপনার রেজিস্ট্রেশনকৃত মোবাইল ফোনের নাম্বারটির প্রয়োজন হবে। মোবাইল ফোন নাম্বার এবং তালিকায় অন্তর্ভুক্ত থাকা সাপেক্ষে চাল বিতরণ করা হবে। |
| ৯ | আমি যে মোবাইল নাম্বারে এন্ট্রি করেছি সেটি যদি হারিয়ে যায় অথবা নষ্ট হয়ে যায় তাহলে কি করব? | এ ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের সাথে যোগাযোগ করে নাম্বার পরিবর্তন করতে পারবেন। তবে, সীম কোম্পানির কাস্টমার সার্ভিস থেকে হারিয়ে যাওয়া নাম্বারের নতুন সীম তুলে নেয়াই উত্তম। |
| ১০ | আমার স্ত্রী মারা গেছেন (বিপত্নীক)। এখন স্ত্রীর এনআইডি কার্ড নাই। আমি কি এন্ট্রি করতে পারব? | এ বিষয়ে ক্রমিক নং ১ এর উত্তর (খ) অংশে নির্দেশনা দেয়া রয়েছে। |
| ১১ | খাদ্যবান্ধব কর্মসূচির ডিজিটাল তালিকায় নাম নিবন্ধনের জন্য কত টাকা প্রয়োজন? | খাদ্যবান্ধব কর্মসূচির ডিজিটাল তালিকায় নাম নিবন্ধনের জন্য কোন টাকার প্রয়োজন নেই। এমনকি, খাদ্যবান্ধব কার্ড প্রাপ্তি বা নাম পরিবর্তনের জন্যও কোন টাকার প্রয়োজন নেই। |
| ১২ | আমি বিয়ে করিনি তাই আমার স্বামী/স্ত্রীর এনআইডি আইডি নেই। আমি কিভাবে নিবন্ধিত হবো? | এই কার্যক্রম শুধুমাত্র পরিবার ভিত্তিক। কেবলমাত্র প্রতিবন্ধী অবিবাহিত এবং বৃদ্ধ অবিবাহিত ব্যক্তি তালিকাভুক্ত হতে পাবেন। তবে, বৃদ্ধ ব্যক্তির বয়স উর্ধ্বতন কর্তপক্ষের দ্বারা যাচাইকৃত হতে হবে। |
| ১৩ | আমার/ আমার স্ত্রীর এনআইডি কার্ড নেই, জন্ম নিবন্ধন নাম্বার আছে, আমি কি নিবন্ধিত হতে পারবো না? | এনআইডি কার্ড ছাড়া নিবন্ধনের সুযোগ নেই। আপনি আপনার উপজেলা নির্বাচন অফিসে যোগাযোগ করুন অথবা অনলাইনে এনআইডি কার্ডের জন্য আবেদন করুন। অনলাইনে আবেদনের জন্য ইউডিসি বা অন্য কারও সহায়তা নিন। |
| ১৪ | আমি কি (চাল ক্রয় কেন্দ্র) ডিলার বদলাতে পারবো? | আপনার উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের সাথে যোগাযোগ করে, যৌক্তিকতা সাপেক্ষে ডিলার সংযুক্তি পরিবর্তন করতে পারবেন। |
| ১৫ | আমার বাড়ির পাশেই একজন ধনী ব্যক্তির এই তালিকায় নাম আছে, কিন্তু কিছু গরিব লোক আছে যাদের নাম নেই, এক্ষেত্রে আমার করণীয় কি? | ধনী ব্যক্তির নাম/ঠিকানা/ কার্ড নম্বরসহ অভিযোগপত্র উপজেলার নির্বাহী অফিসার বরাবরে দাখিল করতে হবে। আপনার উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বা জেলা খাদ্য নিয়ন্ত্রক যে কোন জনের নিকটও অভিযোগ করতে পারেন। |
| ১৬ | খাদ্যবান্ধব তালিকায় নাম নিবন্ধনের সময় আমার ছবি খুব খারাপ তুলেছে, এতে কি কোন সমস্যা হবে? | খাদ্যবান্ধব তালিকায় আপনাকে সঠিকভাবে শনাক্ত করা অত্যন্ত জরুরি। সেক্ষেত্রে ছবি খুব খারাপ হলে সমস্যা হতে পারে। ওয়েবক্যামের সামনে পর্যাপ্ত আলোর ব্যবস্থা রেখে প্লেইন ব্যাকগ্রাউন্ডে সঠিক ফ্রেমে ফেইস রেশিও ৭০% নিশ্চিত রেখে ছবি তুলতে হবে। |

➢ উপর্যুক্ত জিজ্ঞাসাসমূহ ছাড়াও, বেক্সিমকো কম্পিউটারস লিমিটেড এর সার্ভারজনিত কোন সমস্যা হলে অথবা জাতীয় পরিচয়পত্র যাচাইয়ের ক্ষেত্রে এনআইডি সার্ভার থেকে তথ্য পাওয়া না গেলে কিংবা যেকোন অপারেটরে OTP না যাওয়াসহ অন্য কোন কারণে ভোক্তাদের তথ্য নিবন্ধনে বিঘ্ন ঘটলে কারিগরী সহায়তার জন্য বেক্সিমকো কম্পিউটারস লিমিটেড এর ০১৯০৭০৭৫৮৮১ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।